

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
অডিট ও আইন শাখা
www.mos.gov.bd

নং ১৮.০০.০০০০.০১৬.২২.০০৫.১৭- ৬৪

তারিখ : ২৮-০৫-২০১৭খ্রিঃ।

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০১৬-২০১৭ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদনের ফিডব্যাক প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদনের ফিডব্যাক প্রদানের লক্ষ্যে গত ০২-০৫-২০১৭ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচিত উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ :

- শুদ্ধাচার পুরস্কার প্রদানের নীতিমালা স্থির করা হয়েছে বিধায় পুরস্কার প্রদানের প্রক্রিয়া ২০১৬-২০১৭ অর্থ বছর থেকে শুরু করা যেতে পারে;
- মন্ত্রণালয়ের কার্যক্রমে ইউনিকোড ব্যবহারের নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করা প্রয়োজন;
- অংশীজনদের জন্য সেবা সহজীকরণের ক্ষেত্রে সোশ্যাল মিডিয়া ব্যবহারের বিষয়টি গুরুত্ব প্রদান করতে হবে;
- মন্ত্রণালয়ের সেবা পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- অধীনস্থ দপ্তর/সংস্থার দুর্নীতির খুসর এলাকা চিহ্নিত করে তা থেকে বেরিয়ে আসার কর্মপন্থা প্রণয়ন করতে হবে;
- ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে এবং অধীনস্থ দপ্তর/সংস্থার ওয়েবসাইট মনিটরিং করতে হবে;
- তথ্য অধিকার, জিআরএস, অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে সার্বক্ষণিক পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়সমূহে প্রয়োজনীয় কর্মপন্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

শেখ কামরুল হাসান
২৮.০৫.২০১৭

(শেখ কামরুল হাসান)
উপসচিব

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
ফোন : ৯৫৭৪৪৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১) চেয়ারম্যান, চবক/মোবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪) যুগ্ম-সচিব (আইন হালনাগাদকরণ/চবক ও প্রশাসন/বাস্থবক ও মবক/টিএ/বাজেট/জাহাজ/টিসি ও উন্নয়ন/যুগ্ম-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫) কমানডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৬) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৭) উপসচিব (মোবক/জাহাজ/প্রশাসন/টিসি ও বিএসসি/চবক/টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৮) উপ-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্থবক/পাবক/প্রশাসন-২/বিএসসি/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১০) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিঃ-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১২) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাণিজ্যিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।